

“Trading Across Border” শীর্ষক সেমিনার

ঢাকা (23 জুলাই, ২০১৭):

আজ সকাল ১০:৩০ ঘটিকায় বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর বোর্ডরুমে “Trading Across Border” শীর্ষক গবেষণাপত্র এর ১ম খসড়া প্রকাশ উপলক্ষে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত্ব করেন বিডা’র পরিচালক (যুগ্ম সচিব) জনাব তৌহিদুর রহমান খান।

খসড়া গবেষণাপত্রটি উপস্থাপন করেন বিডা’র উপপরিচালক ড. সঞ্জয় চক্রবর্তী। উল্লেখ্যঃ “Trading Across Border” বিশ্ব ব্যাংক প্রণীত “Ease of Doing Business” সূচকের ১০টি নির্দেশক এর অন্যতম একটি।


“Ease of Doing Business” সূচকের সর্বশেষ জরিপে বাংলাদেশ ১৯০টি দেশের মধ্যে ১৭৬ তম অবস্থানে রয়েছে। তবে “Trading Across Border” নির্দেশকে বাংলাদেশের অবস্থান ১৭৩ তম। আগামী ২০২১ সনের মধ্যে “Ease of Doing Business” সূচকে বাংলাদেশের অবস্থান ডাবল ডিজিটে (১০০ এর নিচে) উন্নয়নের লক্ষ্যে কাজ করছে বিডা।

বিশ্ব ব্যাংকের ওপেন সোর্স ডাটা গবেষণাটিতে ব্যবহৃত হয়েছে এবং মূলতঃ Focused Group Discussion (FGD) পদ্ধতি অনুসরণ করে গবেষণা কর্মটি সম্পাদিত হয়েছে। গবেষণায় প্রাপ্ত ফলাফল মতে, আন্তঃসীমান্ত বাণিজ্য যত বেশী হবে, বৈদেশিক বিনিয়োগ তত বেশী বাড়বে। গবেষণায় আন্তঃসীমান্ত বাণিজ্য বৃদ্ধির লক্ষ্যে ব্যবসায় খরচ, পদ্ধতি ও সময় কমিয়ে আনার সুপারিশ করা হয়।

বিডা’র পরিচালক জনাব তৌহিদুর রহমান খান বলেন, গবেষণায় প্রাপ্ত সুপারিশমালা কর্মপরিকল্পনা আকারে উপস্থাপন না করে সুনির্দিষ্ট সুপারিশ আকারে পেশ করতে হবে। এবং এক্ষেত্রে সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি অংশীদারদের মতামত অন্তর্ভুক্ত করে সুপারিশমালা প্রণয়ন জরুরী। তিনি বলেন, সংশ্লিষ্ট অংশীদারদের মতামত অন্তর্ভুক্ত করতে দ্রুত এ বিষয়ে একটি সভা আহ্বান করা হবে।

গবেষণাটির মূল উদ্দেশ্য ছিল আন্তঃসীমান্ত বাণিজ্যের বর্তমান বাধা-বিপত্তি ও সমস্যা সমূহ খুঁজে বের করা এবং তা সমাধানের লক্ষ্যে এ সংক্রান্ত পলিসিসমূহে (কাস্টম, বন্দর, আন্তর্জাতিক বাণিজ্য ইত্যাদি সম্পর্কিত) প্রয়োজনীয় সংস্কার, পরিবর্ধন ও পরিমার্জনের জন্য সরকারকে প্রয়োজনীয় সুপারিশমালা পেশ করা।

সেমিনারে বি.আই.ডব্লিউ.টি.এ’র চেয়ারম্যান কমডোর মোঃ মোজাম্মেল হক, চট্টগ্রাম কাস্টমস হাউজের কমিশনার এ এফ এম আবদুল্লাহ খান, কমলাপুর আইসিডি কাস্টমস হাউজের কমিশনার ফারজানা আফরোজ, বি.আই.সি.ডি.এ’র প্রেসিডেন্ট নুরুল কাইয়ুম খানসহ বাণিজ্য ও নৌপরিবহন মন্ত্রণালয়, মংলা বন্দর কর্তৃপক্ষ, প্রধান আমদানি-রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, বাংলাদেশ ট্যারিফ কমিশন, রপ্তানি উন্নয়ন ব্যুরো, বিডা ও এ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।



(ফয়সল হাসান)

সিনিয়র তথ্য অফিসার

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ

প্রধানমন্ত্রীর কার্যালয়।